# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৫৬৯৩১
E-mail: dgmaccounts1@krishibank.org.bd


**কেন্দ্রীয় হিসাব বিভাগ-১**

নং-প্রকা/হিসাব-১/১৪(বিএস)/২০১৮-২০১৯/৫০৫ তারিখঃ ০৪-১২-২০১৮খ্রিঃ

০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়

০২। উপ-মহাব্যবস্থাপক
এলপিওসহ সকল কর্পোরেট শাখাসমূহ।

০৩। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **আদায়যোগ্য খাতের (১৩১) সকল অসমন্বিত এন্ট্রি সমন্বয় প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২৮-০৮-২০১৮ এবং ০১-১০-২০১৮ তারিখের পত্র নং যথাক্রমে-১৭৫ ও ২৯৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত পত্রের মাধ্যমে শাখার আদায়যোগ্য খাতের (১৩১) এন্ট্রিসমূহ বিশেষত আদায়যোগ্য খাতে রক্ষিত ১ বছরের অধিক সময়ের অসমন্বিত এন্ট্রিসমূহ দ্রুততম সময়ের মধ্যে সমন্বয়ের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। এছাড়াও হিসাব সমাপনী পরিপত্রেও আদায়যোগ্য খাতের অসমন্বিত এন্ট্রিসমূহ সমন্বয় করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। এতদসত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে, আদায়যোগ্য খাতে অনিস্পন্ন এন্ট্রির সমন্বয়ের উল্লেখযোগ্য কোন পরিবর্তন হয়নি যা কোনক্রমেই কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখার ০১ (এক) বছর বা তার উর্ধ্বে অসমন্বিত এন্ট্রি সমন্বয় করে অত্র বিভাগকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো। পাশাপাশি আগামী ৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখে এবং ৩০জুন, ২০১৯ তারিখে আদায়যোগ্য খাতের যে সকল এন্ট্রির বয়স ১ বছর বা তার উর্ধ্বে হবে সে সকল এন্ট্রি সমন্বয়ের জন্য এখন থেকেই যত্নবান হওয়ার নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, ০১ (এক) বছর বা তার উর্ধ্বে অসমন্বিত এন্ট্রির বিপরীতে বাংলাদেশ ব্যাংকের বিধি মোতাবেক ১০০% প্রভিশন রাখার নির্দেশনা রয়েছে । প্রভিশনের পরিমাণ বৃদ্ধি পেলে ব্যাংকের ক্ষতির পরিমাণ বৃদ্ধি পায়।

০৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক শাখাসমূহকে এতদবিষয়ে প্রয়োজনীয় সহায়তা ও দিক নির্দেশনা প্রদানসহ তদারকি করবেন। অসমন্বিত এন্ট্রির বিপরীতে প্রভিশন সংরক্ষণ করতে হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং অঞ্চল প্রধান এর উপর বর্তাবে।

০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা প্রতিটি শাখার আদায়যোগ্য খাতের অনিস্পন্ন এন্ট্রিসমূহ যাচাই পূর্বক নিরীক্ষা প্রতিবেদনে সন্নিবেশসহ যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

০৬। বিষয়টিকে একান্ত পালনীয় এবং অতি জরুরী হিসেবে গণ্য করার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

০৪/১২/১৮

(মোঃ আবু জাকির হাওলাদার)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব-১/১৪(বিএস)/২০১৮-২০১৯/৫০৫(১২৫০) তারিখঃ ঐ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়।

০৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা; উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বিকেবি।

০৫। নথি/মহানথি।

D:\Helal\Helal uddin-1.doc